



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা  
www.publiclibrary.gov.bd

নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.৪৬

১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: 'ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪' উদ্যাপনের লক্ষ্যে চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা।

'ঐতিহাসিক ৭ই মার্চ ২০২৪' উদ্যাপনের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) চিত্রাঙ্কন প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	শিশু শ্রেণি – দ্বিতীয় শ্রেণি	উন্মুক্ত	০৭/০৩/২০২৪ খ্রি.
২.	খ	তৃতীয় শ্রেণি – সপ্তম শ্রেণি		সকাল ১০:০০ টা

খ) আবৃত্তি প্রতিযোগিতা :

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	কবিতার নাম	তারিখ ও সময়
১.	ক	আষ্টম – দ্বাদশ	উন্মুক্ত	০৭/০৩/২০২৪ খ্রি.
২.	খ	স্নাতক – স্নাতকোত্তর		সকাল ১১:৩০ মি.

**চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:**

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে উল্লিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

**শর্তাবলি :**

- আগামী ০৭.০৩.২০২৪ তারিখ সকাল ০৯:০০ টার মধ্যে চিত্রাঙ্কন এবং আবৃত্তি প্রতিযোগিতার রেজিস্ট্রেশন করা যাবে।
- চিত্রাঙ্কন প্রতিযোগিতায় আর্ট পেপারের অপর পৃষ্ঠায় প্রতিযোগীর নাম, পিতার নাম, মাতার নাম, শ্রেণি, বয়স, গ্রুপের নাম এবং মোবাইল নম্বর লিখতে হবে।
- চিত্রাঙ্কন ও আবৃত্তি প্রতিযোগীদের স্টুডেন্ট আইডি কার্ড সাথে রাখতে হবে।
- চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাঙ্কনে জলরঙ ব্যবহার করা যাবে না।
- বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ শহীদুল আলম, সহকারী পরিচালক (মোবাইল নম্বর ০১৯১১৩৯৯৩৬৩), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।

২৮-০২-২০২৪

খন্দকার আসিফ মাহতাব  
সহকারী পরিচালক

+৮৮০২২২২২২২৯৪৮৮

kamp.addpl@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল);
- ২। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৩। সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৪। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- ৫। সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
- ৬। গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ে অবস্থিত সরকারি গণগ্রন্থাগারসমূহ (সকল) এবং
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।

